**অতীব জরুরি**

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
email : ce.biser@yahoo.com

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা ২০১৭
বিষয় : জীববিজ্ঞান ১৩৮

| পূর্ণমান | পাস নম্বর | সিলেবাস |
|---|---|---|
| ৫০ | ১৭ | ২০১৭ |
| ৪০ | ১৩ | ২০১৬ |

**উত্তরপত্র বিতরণের তারিখ : ০৯/০৩/২০১৭**

## উত্তরপত্র মূল্যায়ন নির্দেশাবলী

**(উত্তরপত্র মূল্যায়নের পূর্বে এ নির্দেশাবলী যত্নসহকারে পাঠ করার জন্য সংশ্লিষ্ট পরীক্ষককে অনুরোধ জানানো হ'ল)**

### ১। উত্তরপত্র সম্পর্কিত প্রাথমিক দায়িত্ব

ক) উত্তরপত্র প্রাপ্তির পর পরই শিরোনাম পত্রে উল্লিখিত বিবরণীর সঙ্গে প্রতিটি বান্ডিলে রক্ষিত উত্তরপত্রের সংখ্যা মিলিয়ে দেখতে হবে। গণনা করে কোন গরমিল পরিলক্ষিত হলে সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করতে হবে এবং রেজিস্টারে উত্তরপত্রের সংখ্যা সংশোধন করে নিতে হবে।

খ) মূল উত্তরপত্রের কভার পৃষ্ঠার **১**ম অংশ অবিচ্ছিন্ন থাকলে সঙ্গে সঙ্গে ছিঁড়ে প্রতিবেদনসহ পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট জমা দিতে হবে।

গ) উত্তরপত্র গ্রহণ করার পর পরই প্রাপ্ত খাতার সংখ্যাসহ তাঁর পূর্ণ ঠিকানা ও কোড নম্বর সরাসরি **মোবাইল মারফত** প্রধান পরীক্ষককে অবশ্যই জানাবেন।

ঘ) উত্তরপত্র অতীব মূল্যবান আমানত। সুতরাং এ সম্পর্কিত যাবতীয় তথ্য গোপন রাখা এবং উত্তরপত্র যত্ন সহকারে সংরক্ষণ করা অবশ্যই কর্তব্য।

### ২। উত্তরপত্র মূল্যায়ন সম্পর্কিত

ক) উত্তরপত্র **মূল্যায়নের** সময় ভুল চিহ্নিতকরণ এবং নম্বর দেয়ার জন্য **লাল কালি** ব্যবহার করবেন।

খ) প্রত্যেক প্রশ্নোত্তরের বাম পার্শ্বে প্রাপ্তমান স্পষ্ট এবং বড় করে লিখতে হবে। খাতার ভিতরে মান পরিবর্তন করলে বা কোন রকম কাটাকাটি হলে স্পষ্ট অনু স্বাক্ষর করবেন। উপরিলিখন বা ঘষা-মাজা করা নিষিদ্ধ।

গ) নম্বর প্রাপ্তির ক্ষেত্রে কোন প্রশ্নোত্তর অযোগ্য বিবেচিত হলে ০০ (শূন্য) দিতে হবে এবং কভার পৃষ্ঠায় সেই মান উঠাতে হবে।

ঘ) অপ্রাসঙ্গিক, অপ্রয়োজনীয় বা অতিরিক্ত উত্তরের ক্ষেত্রে নির্দিষ্ট অংশ চিহ্নিত করে অপ্রাসঙ্গিক বা অপ্রয়োজনীয় বা অতিরিক্ত লিখে স্বাক্ষর করতে হবে।

ঙ) পাসের জন্য/উচ্চতর জি.পি. কাছাকাছি প্রাপ্তনম্বর সহানুভূতির সাথে সদয় বিবেচনা করবেন। এ জাতীয় প্রান্তিক নম্বর পরিহার করবেন।

চ) উচ্চতর জি.পি. প্রাপ্ত উত্তরপত্রগুলোর ক্ষেত্রে পরীক্ষার্থীর স্বকীয়তা বিচার করবেন।

ছ) প্রাপ্ত বান্ডিলসমূহের **১**ম খাতার ক্রমিক নম্বর- 0001 হতে লেখা শুরু করবেন এবং যতটি উত্তরপত্র পেয়েছেন ধারাবাহিক ভাবে তত সংখ্যা লিখবেন।

জ) অতিরিক্ত উত্তরপত্র গ্রহণ না করলে ০০ (শূন্য) ঘর পূরণ করে সে অনুযায়ী বৃত্তাকার ঘর ভরাট করতে হবে।

### ৩। প্রাপ্তমান ও উত্তরপত্রের কভার পৃষ্ঠা সম্পর্কিত

ক) উত্তরপত্র মূল্যায়ন শেষে কভার পৃষ্ঠায় নম্বর উঠানোর পূর্বে উত্তরপত্রের কভার পৃষ্ঠার উপরে বাম কোনায় প্রাপ্ত নম্বরটি অবশ্যই লিখতে হবে।

খ) কভার পৃষ্ঠায় ঠিক ততগুলো প্রশ্নোত্তরের নম্বর তুলবেন যতগুলো উত্তরপত্রের মধ্যে নম্বর দিয়েছেন। তবে প্রয়োজনীয় প্রশ্নোত্তরের চেয়ে অতিরিক্ত প্রশ্নোত্তরের নম্বর তুলবেন না।

গ) ভগ্নাংশ নম্বর প্রদান হতে সম্পূর্ণ বিরত থাকবেন।

ঘ) উত্তরপত্রের কভার পৃষ্ঠায় স্বাক্ষরের নির্দিষ্ট স্থানে পরীক্ষকের স্বাক্ষর করতে হবে। কোনক্রমেই নির্দিষ্ট ঘরের বাইরে যাওয়া যাবে না।

ঙ) উত্তরপত্রের মাঝের অংশে পরীক্ষার্থী অথবা পরীক্ষকের নিজের অসাবধানতার কারণে ভুল বৃত্ত ভরাট হলে ঘষামাজা না করে সরাসরি একটানে কেটে ঠিক উপরে সংখ্যাটি স্পষ্ট করে লিখে সঠিক বৃত্তটি ভরাট করবেন। এ ক্ষেত্রে একাধিক বৃত্ত ভরাট হলেও কোন অসুবিধা নাই।

চ) কম্পিউটার কেন্দ্রে কাজ করার সুবিধার্থে উত্তরপত্রে ইংরেজিতে নম্বর প্রদান করবেন এবং কভার পৃষ্ঠায় ইংরেজিতেই নম্বর উঠাবেন।

অপর পাতায় ➲

৪। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা ২০১৭ এবং ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হয়েছে। ২০১৭ সালের সিলেবাস মোতাবেক পাস নম্বর 17 এবং ২০১৬ সালের সিলেবাস মোতাবেক পাস নম্বর 13। উত্তরপত্র পরীক্ষণকালে প্রান্তিক নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীর ক্ষেত্রে উদারতা প্রদর্শন করবেন। ২০১৭ সালের সিলেবাস মোতাবেক প্রান্তিক নম্বর 13, 14, 15 ও 16 এবং ২০১৬ সালের সিলেবাস মোতাবেক প্রান্তিক নম্বর 09, 10, 11 ও 12 রাখবেন না।

**ফলাফলের শ্রেণি বিভাগ**

| ২০১৭ সালের সিলেবাস | |
|---|---|
| A+ | 40 – 50 |
| A | 35 – 39 |
| A- | 30 – 34 |
| B | 25 – 29 |
| C | 20 – 24 |
| D | 17 – 19 |
| F | 00 – 16 |

| ২০১৬ সালের সিলেবাস | |
|---|---|
| A+ | 32 – 40 |
| A | 28 – 31 |
| A- | 24 – 27 |
| B | 20 – 23 |
| C | 16 – 19 |
| D | 13 – 15 |
| F | 00 – 12 |

**৫। উত্তরপত্র প্রেরণ সম্পর্কিত**

ক) তাঁর প্রধান পরীক্ষক মাত্র একজনই। অতএব, সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকের নিকটেই উত্তরপত্র প্রেরণ করবেন।

খ) পরীক্ষিত উত্তরপত্র নির্দিষ্ট কিস্তি মোতাবেক হাতে হাতে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকের নিকট জমা দিবেন।

গ) উত্তরপত্রের মাঝের অংশ কম্পিউটারে স্ক্যানিং করা হবে। এজন্য উত্তরপত্রের বিষয় কোড, পরীক্ষক কোড, খাতার ক্রমিক নম্বর অতিরিক্ত খাতার সংখ্যা ও প্রাপ্তনম্বর যথেষ্ট সতর্কতার সাথে নির্দিষ্ট আয়তাকার ঘরে নির্দিষ্ট জায়গায় লিখে বৃত্ত ভরাট করবেন। এ বিষয়ে কোন প্রকার ত্রুটি-বিচ্যুতি বা অবহেলা পরিলক্ষিত হলে পরীক্ষক নিজেই দায়ী থাকবেন।

ঘ) উত্তরপত্র মূল্যায়ন কালে ভিন্ন হাতের লিখা প্রতীয়মান হলে কিংবা বাইরে থেকে লিখে এনে মূল খাতার সাথে সংযোজন করে থাকলে একটি প্রতিবেদনসহ উত্তরপত্রটি প্রধান পরীক্ষকের নিকট পাঠাবেন।

ঙ) প্রথম কিস্তিতে ১০০ খানা উত্তরপত্র হাতে হাতে/ডাক যোগে জমা দেয়ার তারিখ : ১৯/০৩/২০১৭
অবশিষ্ট উত্তরপত্র দ্বিতীয় কিস্তিতে হাতে হাতে/ডাক যোগে জমা দেয়ার তারিখ : ২৮/০৩/২০১৭

## পারিশ্রমিক ও আনুসঙ্গিক বিষয় সম্পর্কিত

৬। ক) উপরোক্ত নির্দেশাবলীর আলোকে তাঁর উপর অর্পিত পবিত্র দায়িত্ব ,সততা ও নিষ্ঠার সংগে পালন করবেন।

খ) পরীক্ষিত উত্তরপত্র নিরীক্ষণের পর তাঁর প্রদত্ত মানের চেয়ে ১০% নম্বরের ব্যবধান হলে সকল উত্তরপত্র পুনরায় পরীক্ষা করা হবে এবং সে ক্ষেত্রে তাঁর প্রাপ্ত পারিশ্রমিকের অর্ধেক কেটে নেয়া হবে এবং আগামীতে পরীক্ষক নিয়ুক্তির দাবী হারাবেন।

গ) নির্ধারিত সময় সীমার মধ্যে উত্তরপত্র প্রেরণ না করা - এ বোর্ডের সামগ্রিক কর্ম পরিচালনায় অসহযোগিতা করা। কোন বিশেষ কারণে নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষণ কার্য সমাপনে বিঘ্ন হবার আশঙ্কা দেখা দিলে উত্তরপত্রসমূহ পরীক্ষিত বা অপরীক্ষিত অবস্থায় সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকের কাছে বীমাকৃত ডাকযোগে অথবা হাতে হাতে পাঠিয়ে দিবেন।

ঘ) **যদি কেউ অন্য সেটের উত্তরপত্র পান তাহলে সে সেটের প্রশ্নপত্র সংগ্রহ করে প্রশ্নপত্রের মানবন্টন অনুযায়ী পরীক্ষা করে তা সংশ্লিষ্ট প্রধান পরীক্ষক ও পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করবেন। মূল্যায়নকৃত উত্তরপত্রগুলো যথারীতি প্রধান পরীক্ষকের বরাবর পাঠাবেন।**

ঙ) উত্তরপত্রের কভার পৃষ্ঠার কোন কোন উত্তরপত্রে “বান্ডিল নম্বর” কথাটি মুদ্রিত থাকতে পারে। সেক্ষেত্রে উক্ত স্থানে পরীক্ষককে তাঁর নিজের পরীক্ষক কোড নম্বর লিখতে হবে।

চ) প্রান্তিক নম্বর যেমন- ২০১৭ সালের সৃজনশীল প্রশ্নত্তোরের ক্ষেত্রে **19, 24, 29, 34** ও **39** এবং ২০১৬ সালের সৃজনশীল প্রশ্নত্তোরের ক্ষেত্রে **15, 19, 23, 27** ও **31** রাখবেন না।

ছ) প্রধান পরীক্ষক কর্তৃক মানবন্টন অনুযায়ী উত্তরপত্র মূল্যায়ন করতে হবে।

| **প্রধান পরীক্ষকের নাম ও কোড নম্বর** | **প্রধান পরীক্ষকের স্বাক্ষর** | **প্রধান পরীক্ষকগণ** |
|---|---|---|
| ১. মোহাম্মদ সাইফুল মালেক- ১৭৫১ | স্বাক্ষরিত/- | জীববিজ্ঞান ১৩৮ |
| ২. মো. গোলাম রব্বানী- ১৬০২ | স্বাক্ষরিত/- | এসএসসি পরীক্ষা ২০১৭ |
| ৩. মো. সাবিয়ার রহমান- ১৭৫৩ | স্বাক্ষরিত/- | ০৮ মার্চ ২০১৭ |
| ৪. মো. আব্দুল হান্নান- ১৭৫৮ | স্বাক্ষরিত/- | |
| ৫. মো. নূরুল ইসলাম- ১৪৫১ | স্বাক্ষরিত/- | |